



মেসির গোল-অ্যাসিস্টে রাঙা হলো আর্জেন্টিনার জার্সিতে শেষ ম্যাচ



লিওনেল মেসি | ছবি: সংগৃহীত

আর্জেন্টিনার আকাশি-সাদা জার্সিতে শেষবার মাঠে নেমেও নিজের ছাপ রেখে গেলেন লিওনেল মেসি। একটি গোল প্যাশাপাশি দুটি গোলে অবদান রেখে বেনিনের বিপক্ষে আর্জেন্টিনাকে ৩-০ ব্যবধানে জয় এনে দিয়েছেন ফুটবলের এই মহাতারকা। গোল ও অ্যাসিস্টে রাঙানো এই ম্যাচ দিয়েই দেশের হয়ে মেসির অধ্যায়ের ইতি ঘটল।

বুধবার (৭ অক্টোবর) বুয়েনোস আইরেসের ঐতিহ্যবাহী এস্তাদিও মনুমেন্টালে বেনিনকে আতিথ্য দেয় আর্জেন্টিনা। শুরু থেকেই বলের নিয়ন্ত্রণ ছিল স্বাগতিকদের দখলে। একের পর এক আক্রমণেও প্রথমার্ধে গোল দেখা পাচ্ছিল না তারা। মেসিও কয়েকবার সুযোগ তৈরি করলেও বেনিনের জালে বল পাঠাতে পারেননি।

মেসিকে ঘিরে ম্যাচে ছিল বিশেষ আয়োজনও। দশম মিনিটে প্রায় দেড় মিনিটের জন্য খেলা থামিয়ে দেন রেফারি। গ্যালারির দর্শকরা দাঁড়িয়ে হাততালি দিয়ে এবং ‘ওলে ওলে মেসি’ শ্লোগানে আর্জেন্টাইন মহাতারকাকে অভিবাদন জানান। এরপর খেলা শুরু হলেও বিরতির আগে আর কোনো গোল হয়নি।

দ্বিতীয়ার্ধে অবশ্য বদলে যায় ম্যাচের চিত্র। ৪৮তম মিনিটে মেসির কর্নার থেকে পাওয়া বল ভলিতে জালে পাঠান নিকোলাস ওতামেন্দি। এরপর ৬১তম মিনিটে মেসির পাস থেকেই গোল করেন নিকো পাজ।

৭১তম মিনিটে পেনাল্টি পায় আর্জেন্টিনা। ডি-বক্সে অগাস্টিন জিয়াই ফাউলের শিকার হলে স্পটকিক থেকে ব্যবধান ৩-০ করেন মেসি। শেষদিকে আরও কয়েকটি সুযোগ তৈরি হলেও আর গোল পায়নি স্বাগতিকরা।

বেনিন ম্যাচের মধ্য দিয়ে জাতীয় দলের জার্সিতে মেসির দীর্ঘ পথচলারও শেষ হলো। আর্জেন্টিনার হয়ে ২০৮ ম্যাচে ১২৬ গোল করেছেন তিনি। জিতেছেন বিশ্বকাপ ও কোপা আমেরিকার শিরোপা। তবে মেসির মতো একজন খেলোয়াড়কে শুধু গোল, ম্যাচ কিংবা ট্রফির সংখ্যায় আটকে রাখা কঠিন। আর্জেন্টিনার ফুটবল ইতিহাসে তার নাম থেকে যাবে এক মহাতারকা ও ফুটবল জাদুকর হিসেবেই।